

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
(নার্সিং শিক্ষা শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৫৯.০০.০০০.১৪৩.০৬.০১.২০১৭-১২


তারিখঃ ১৮-০৫-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি পর্যায়ে বিদ্যমান “নিউ সোনার বাংলা নার্সিং ইনস্টিটিউট, রংপুর” অনুমোদনের মেয়াদ বৃদ্ধি।

২৫ এপ্রিল ২০১৮ খ্রিঃ অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি পর্যায়ে বিদ্যমান “নিউ সোনার বাংলা নার্সিং ইনস্টিটিউট, রংপুরে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে নিম্নোক্ত শর্তসাপেক্ষে পূর্বে বরাদ্দকৃত আসন সংখ্যা ৩০ (ত্রিশ) টি বহাল রেখে ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ পর্যন্ত অনুমোদনের মেয়াদ বৃদ্ধি করা হলো।

শর্তসমূহঃ

- একাডেমিক ভবনের জন্য নীতিমালা অনুযায়ী ৩০ হাজার বর্গফুটের জায়গা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থী অনুপাতে স্থায়ী নার্স-শিক্ষক, খন্ডকালিন নার্স-শিক্ষক ও ডাক্তার শিক্ষকের সংখ্যা বাড়াতে হবে।
- ৭ টি ল্যাবে প্রয়োজনীয় উপকরনাদিসহ কম্পিউটার ল্যাবে কম্পিউটারের সংখ্যা ও নার্সিং বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- নিয়োগকৃত নার্স শিক্ষকদের বেতন সরকারি বেতন স্কেল অনুযায়ী প্রদান করতে হবে।
- ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনএমসি'র প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
- বরাদ্দকৃত আসনের শতকরা ৫ টি আসন মেধাবী ও দরিদ্রদের জন্য সংরক্ষিত রাখতে হবে।


(সাবিনা ইয়াসমিন)
উপসচিব (নার্সিং শিক্ষা)
ফোন: ৯৫৪০৬৫৪

অধ্যক্ষ

নিউ সোনার বাংলা নার্সিং ইনস্টিটিউট
রংপুর।

অনুলিপিঃ

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।